



প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাস, মাস্কাট কর্তৃক যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ পালন

মাস্কাট, ১৭ মার্চ ২০২৩

বাংলাদেশ দূতাবাস, মাস্কাট এ 'স্মার্ট বাংলাদেশের স্বপ্নে বঙ্গবন্ধুর জন্মদিন, শিশুদের চোখ সমৃদ্ধির স্বপ্নে রঙিন' প্রতিপাদ্যকে সামনে রেখে যথাযোগ্য মর্যাদা ও ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে ১৭ মার্চ ২০২৩ তারিখ **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩** পালিত হয়েছে। মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ নাজমুল ইসলাম মহোদয় এর সভাপতিত্বে মাস্কাটে বাংলাদেশ কমিউনিটির নেতৃবৃন্দ এবং দূতাবাসের কর্মকর্তা ও কর্মচারীরা উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

এ দিন সকালে জাতীয় সংগীত পরিবেশনার সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। দূতাবাসের অভ্যন্তরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের করা হয়। অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে পবিত্র কোরআন, পবিত্র ত্রিপিটক ও পবিত্র গীতা থেকে পাঠ করা হয়। পরে দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণীসমূহ পাঠ করে শোনানো হয়। এরপর 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩' এর উপর আলোচনা অনুষ্ঠান শুরু হয়। দিবসটির উপর উন্মুক্ত আলোচনায় ওমানের নেতৃস্থানীয় ব্যক্তির জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং জাতির পিতার জীবনের বিভিন্ন দিক তুলে ধরেন। এর পর বাংলাদেশ স্কুল মাস্কাট থেকে শিশুরা কবিতা আবৃত্তি করে। মান্যবর রাষ্ট্রদূত মহোদয় দূতাবাস কর্তৃক আয়োজিত চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ নাজমুল ইসলাম তাঁর বক্তব্যের শুরুতে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৯৭৫ সালের ১৫ই আগস্ট তাঁর পরিবারের সকল শহীদদের এবং ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদ, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং বীর মুক্তিযোদ্ধাদের স্মরণ করেন। তিনি বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আজীবন শোষিত-বঞ্চিত বাংলা জাতির রাজনৈতিক ও অর্থনৈতিক মুক্তির জন্য সংগ্রাম করেছেন এবং এজন্য বারবার কারাবরণ করেছেন। তাঁর অসীম সাহসী নেতৃত্বে বাংলা জাতি একটি স্বাধীন, সার্বভৌম রাষ্ট্র বাংলাদেশ অর্জন করেছে। জাতীয় শিশু দিবস পালনের মাধ্যমে নতুন প্রজন্ম বঙ্গবন্ধুর জীবন ও সংগ্রামের ইতিহাস জানতে পারবে এবং মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দেশ ও জাতির কল্যাণে নিজেদের নিয়োজিত রাখবে। তিনি ওমান প্রবাসী সকল বাংলাদেশীকে স্থানীয় আইন কানুন মেনে চলার নির্দেশনা প্রদান করেন এবং বৈধ উপায়ে বাংলাদেশে রেমিট্যান্স প্রেরণের জন্য অনুরোধ করেন। তিনি দেশের সুনাম অক্ষুণ্ন রাখতে এবং বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ বিনির্মাণে সবাইকে একযোগে কাজ করার আহবান জানান। এরপরে দিবসটি উপলক্ষে নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠান শেষে মান্যবর রাষ্ট্রদূত মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষে শিশুদের নিয়ে কেক কাটেন। অতঃপর আগত অতিথিদের জন্যে আপ্যায়নের ব্যবস্থা করা হয়।

